

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপ-পরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
জেলা পরিষদ ভবন, ময়মনসিংহ।

স্মারক নং- ৩৪.০১.৬১০০.০০০.৩৮.৬৩২.১৩-২২৬

তারিখঃ ১২/০২/২০২৪ খ্রিঃ।


**ভর্তি বিজ্ঞপ্তি**

যুব উন্নয়ন অধিদপ্তর, ময়মনসিংহ জেলা কার্যালয় কর্তৃক পরিচালিত নিম্নোক্ত প্রশিক্ষণ কোর্সে ভর্তির নিমিত্ত ১৮-৩৫ বছর বয়সী বেকার যুবক ও যুব মহিলাদের নিকট থেকে নিম্নবর্ণিত নিয়মাবলী অনুসরণ পূর্বক অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

নং	ট্রেডের নাম	শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম)	কোর্সের মেয়াদ	আসন সংখ্যা	দরখাস্ত জমাদানের শেষ তারিখ	সাক্ষাৎকারের স্থান, তারিখ ও সময়	ফলাফল প্রকাশের তারিখ	ভর্তি/ক্লাস শুরুর তারিখ	কোর্স ফি
০১	মৎস্য চাষ	অষ্টম শ্রেণী পাশ	০১ মাস	২৫ জন	২৮-০২-২৪খ্রিঃ	জেলা যুব প্রশিক্ষণ কেন্দ্র, টাউন হল মোড় ২৯-০২-২৪খ্রিঃ সকাল-১০.০০	২৯-০২-২৪খ্রিঃ	০৩-০৩-২৪খ্রিঃ	৫০/- (প্রতি কোর্সে)

**দরখাস্ত ও ভর্তি সংক্রান্ত নিয়মাবলী নিম্নরূপঃ**

- ভর্তি নিমিত্ত আবেদনের জন্য অনলাইনে <https://dyd.nise.gov.bd/courses> লিংকে গিয়ে আবেদন করতে হবে এবং আবেদনপত্র সার্কিট হাউজ রোড, মুক বধির বিদ্যালয়ে অবস্থিত প্রশিক্ষণ কেন্দ্রের সংশ্লিষ্ট ট্রেডে জমা দিতে হবে।
- আবেদনপত্র স্ব-স্ব জেলার উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর বরাবর করতে হবে।
- প্রকৃত মুক্তিযোদ্ধা পরিবারের পোষ্যদের ক্ষেত্রে নির্বাচনের বিষয়ে অগ্রাধিকার দেয়া হবে (মুক্তিযোদ্ধার পোষ্য প্রমাণক সনদ দাখিল সাপেক্ষে)।
- দলিত (সুইপার, ঋষি, ডোম) যুবদের জন্য ৪% কোটা এবং প্রতিবন্ধী, অটিষ্টিক ও তৃতীয় লিঙ্গের জন্য ৫% কোটা সংরক্ষনসহ কোর্স ফি বাতীত অধিদপ্তরের-সকল প্রশিক্ষণে ভর্তির সুযোগ রয়েছে (প্রমাণক সনদ দাখিল সাপেক্ষে)।
- যুব সংগঠন কর্তৃক মনোনীত এবং যুবনারী প্রার্থীকে নির্বাচনের বিষয়ে অগ্রাধিকার দেয়া হবে।
- আবেদন পত্রের সাথে (ক) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ছায়ািলপি (সত্যায়িত) (খ) জাতীয় পরিচয়পত্র (যদি থাকে) অথবা স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর কমিশনার কর্তৃক জন্ম নিবন্ধন সনদপত্রের ছায়ািলপি (সত্যায়িত), (গ) বেকারত্বের সনদ (ঘ) সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- সাক্ষাৎকার ও মনোনয়ন কালে মূল সনদপত্র সমূহ সংগে আনতে হবে।
- সাক্ষাৎকারের জন্য নির্ধারিত তারিখে নির্ধারিত সময়ে সংশ্লিষ্ট নির্বাচনী বোর্ডের সামনে হাজির হতে হবে। এ জন্য কোন প্রকার টি,এ/ডি,এ দেয়া হবে না।
- ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। ভর্তি ফিঃ (অফেরংযোগ্য)।
- বর্ণিত ট্রেড/কোর্সটি অনাবাসিক ভাবে পরিচালিত হবে।
- প্রত্যেক প্রশিক্ষার্থীকে কেন্দ্রের নিয়ম-শৃঙ্খলা মেনে চলতে হবে।
- প্রত্যেক প্রশিক্ষার্থীকে যথাসময়ে প্রশিক্ষণ কেন্দ্রে উপস্থিত থাকতে হবে।
- প্রশিক্ষণ শেষে আত্মকর্ম/কর্মসংস্থানে নিয়োজিত হতে হবে।
- ভর্তিকৃত প্রশিক্ষার্থীগণ প্রতিদিন উপস্থিতি স্বাপেক্ষে ১০০/- (একশত) টাকা হারে যাতায়াত ভাতা প্রাপ্য হবেন।  
বিঃদ্রঃ যুব উন্নয়ন অধিদপ্তর, ময়মনসিংহ জেলা হতে পূর্বে কোন প্রশিক্ষণ গ্রহন করে থাকলে তাহার আবেদন করার প্রয়োজন নেই। আবেদন করলেও তা বাতিল বলে গণ্য হবে।


  
(মোঃ হাবুগ-অর-রশীদ)  
উপ পরিচালক

স্মারক নং- ৩৪.০১.৬১০০.০০০.৩৮.৬৩২.১৩-১২৬

তারিখঃ ১২/০২/২০২৪ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ও মানসারে নয়)ঃ

- পরিচালক (.....) / প্রকল্প পরিচালক (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- চেয়ারম্যান, জেলা পরিষদ, ময়মনসিংহ।
- জেলা পর্যায়ের কর্মকর্তা (সকল)..... ময়মনসিংহ।
- কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, ময়মনসিংহ।
- উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (সকল) ..... ময়মনসিংহ।
- মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- অত্র কোর্সের ট্রেড প্রধান।
- অফিস কপি/মাষ্টার ফাইল/গার্ড ফাইল।

  
সহকারী পরিচালক  
যুব উন্নয়ন অধিদপ্তর  
ময়মনসিংহ।